সংবাদ

তারিখ ২৩ AUG 2017
পৃষ্ঠা ১২ কলাম ৫

# শিক্ষকদের তোপের মুখে কুবির সেই শিক্ষকের ছুটি প্রত্যাহার

প্রতিনিধি, কুবি (কুমিল্লা)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে জাতীয় শোক দিবসে ক্লাস নিয়েছেন এমন অভিযোগ তুলে ছাত্রলীগের দাবির প্রেক্ষিতে মাত্র তিন দিনের মাথায় কোন প্রকার তদন্ত ছাড়াই এক শিক্ষককে বাধ্যতামূলক ছুটির আদেশ শিক্ষক সমিতির কঠোর অবস্থান ও দেশব্যাপী সমালোচনার মুখে প্রত্যাহার করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গত সোমবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার স্বাক্ষরিত এক অফিস স্মারক সূত্রে বিষয়টি জানা যায়। তবে ওই শিক্ষকের বিরুদ্ধে ক্লাস নেয়ার অভিযোগে গঠিত তদন্ত কমিটি বাতিল না করায় আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে শিক্ষক সমিতি ও বঙ্গবন্ধু পরিষদ। এ দিকে দুর্নীতির বিরুদ্ধে নৃবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মো. আসাদুজ্জামান তার শিক্ষার্থীদের নিয়ে ৭তম দিনের মতো গতকাল ও বঙ্গবন্ধুর ভাস্কর্যের সামনে অবস্থান করেছেন। ছুটি বাতিলের অফিস স্মারক সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির দাবি এবং উদ্ভূত পরিস্থিতি বিবেচনা করে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রভাষক মাহবুবুল হক ভূঁইয়াকে ২০ আগস্ট থেকে ১৯ সেপ্টেম্বর পর্যন্ত ১ মাসের ছুটির অফিস আদেশ বাতিল করা হয়েছে।